# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭

## বেসরকারি বিশ্ববিদ্যালয় সম্পর্কে সম্প্রতি উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর সংক্ষিপ্ত বিবৃতি

সম্প্রতি বাংলাদেশের উচ্চশিক্ষাক্ষেত্রে ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়ের কার্যক্রম এবং অবস্থান সম্পর্কে টিআইবির অসম্পূর্ণ গবেষণা প্রতিবেদন প্রকাশ করার পর থেকে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াগুলোতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা নিয়ে ইউজিসি এবং শিক্ষা মন্ত্রণালয়ের ভূমিকা সম্পর্কে বিভিন্ন ধরনের নেতিবাচক ও অতিরঞ্জিত সংবাদ প্রকাশিত হচ্ছে। এর ফলে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা নিয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। ১৯৭৩ সালে ৬টি সরকারি বিশ্ববিদ্যালয়ে অর্থ বরাদ্দের জন্য প্রতিষ্ঠিত ইউজিসি বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় ৩৭টি সরকারি ও ৭৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম তত্ত্বাবধান করছে। বিশ্ববিদ্যালয়গুলোতে বিগত চার বছরে ১০ লাখ শিক্ষার্থী আজ ৩০ লাখে উন্নীত হয়েছে। এ বিপুল সংখ্যক শিক্ষার্থীর উল্লেখযোগ্য অংশই বেসরকারি বিশ্ববিদ্যালয়ে যুগোপযোগি প্রযুক্তি-প্রকৌশল ও কর্মমুখী শিক্ষা গ্রহণ করছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর অপর্যাপ্ততা ও সীমাবদ্ধতা দূরীকরণে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ পাশ করা হয়। এর আলোকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং ক্যাম্পাস উন্নয়নে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি ভূমিকা রেখে আসছে। এরই মধ্যে ১৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে এবং শীঘ্রই আরও কয়েকটি বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাসে যেতে সক্ষম হবে। সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাস স্থাপনের জন্য জমি ক্রয় করেছে। সরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বেশ কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে প্রশংসনীয় অগ্রগতি অর্জন করেছে। ইউজিসি'র 'উচ্চ শিক্ষা মানোন্নয়ন প্রকল্প'-এর আওতায় উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রথম পর্যায়ে ৩টি এবং বর্তমানে ৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয় ১৪টি একাডেমিক ইনোভেশন ফান্ড প্রকল্প এওয়ার্ড লাভ করেছে, যা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গুণগতমানের অগ্রগতিরই প্রমাণ। HEQEP প্রকল্পের মাধ্যমে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে হাইস্পিড ইন্টারনেট, ভার্চুয়াল লাইব্রেরি, অভ্যন্তরীণ গুণগতমান নিশ্চিতকরণ সেল এর জন্য আর্থিক অনুদান দেওয়া হচ্ছে। টিআইবির প্রতিবেদন প্রকাশ করার পূর্বেই কমিশনের চেয়ারম্যান এবং ০৫ (পাঁচ) জন পূর্ণকালীণ সদস্য ও বহিরাস্থ বিশেষজ্ঞ সমন্বয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে আকস্মিক পরিদর্শনের মাধ্যমে একাডেমিক, প্রাতিষ্ঠানিক এবং আর্থিক বিষয়ে পর্যবেক্ষণ ও তদারকি জোরদার করা হয়েছে। বিভিন্ন সূচকের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়গুলোর মান নির্ধারণের জন্য স্কোরিং করা হচ্ছে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এবং প্রশাসনিক নির্বাহী প্রধান হলেন উপাচার্য। কিছু কিছু ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পরিচালনায় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও সদস্যদের ক্ষমতার অপব্যবহার ও ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি বা পারস্পরিক দ্বন্দ্বের কারণে উপাচার্য মহোদয় যথাযথ দায়িত্ব পালন করতে পারছেন না। ফলশ্রুতিতে বিশ্ববিদ্যালয় পরিচালনায় নানারকম অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়। অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে বিভিন্ন স্থানে অবৈধ ক্যাম্পাস পরিচালনা করছে কয়েকটি বিশ্ববিদ্যালয়-যা এ সমস্যার কেন্দ্রবিন্দুতে অবস্থান করছে। এরূপ অবৈধ কার্যক্রম বন্ধে ইউজিসি'র নিষেধাজ্ঞার ওপর মাননীয় উচ্চ আদালতের স্থগিতাদেশ এবং মামলার জটের কারণে দীর্ঘদিন যাবত ঐ সকল বিশ্ববিদ্যালয় শিক্ষার নামে তথাকথিত কার্যক্রম পরিচালনা করছে। সেই সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান নিশ্চিত নয় এবং সার্টিফিকেট বিক্রির মতো অনৈতিক ও গর্হিত কার্যক্রম পরিচালনা করছে যা বন্ধ করা শুধু ইউজিসি এবং শিক্ষা মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকাই যথেষ্ট নয়। এই নীতি বিবর্জিত কার্যক্রম বন্ধকরণে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, বিচার বিভাগ ও ঐ সকল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের যথাযথ পদক্ষেপ প্রয়োজন।

ইউজিসিকে ক্ষমতায়নের লক্ষ্যে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তরের মাধ্যমে বিদ্যমান বেশিরভাগ সমস্যা দূর করা সম্ভব। বৈধ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নাম ও অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানা জনস্বার্থে প্রকাশ করা হলো ঃ

### সরকার ও কমিশন কর্তৃক অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় এর নাম ও অনুমোদিত ক্যাম্পাসের ঠিকানা

| ক্রমিক নং | ঠিকানাসহ বিশ্ববিদ্যালয়ের নাম | ক্রমিক নং | ঠিকানাসহ বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|---|---|
| ১. | **নর্থ সাউথ ইউনিভার্সিটি**<br>প্লট-১৫, ব্লক-বি, আফতাব উদ্দীন রোড, বসুন্ধরা, ঢাকা - ১২২৯। | ২. | **ইউনিভার্সিটি অব সাইন্স এন্ড টেকনোলজি, চট্টগ্রাম,** ফয়েজ লেক, চট্টগ্রাম। |
| ৩. | **ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>প্লট নং-১৬, ব্লক-বি, আফতাবউদ্দিন রোড, বসুন্ধরা, ঢাকা-১২২৯। | ৪. | **ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি**<br>৪, এ্যামব্যাংকমেন্ট ড্রাইভ রোড, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন ঢাকা-১২৩০। |
| ৫. | **আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম**<br>১৫৪/এ, কলেজ রোড, চট্টগ্রাম- ৪২০৩। | ৬. | **আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**<br>১৪১-১৪২, লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮। |
| ৭. | **আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>৮৩/বি, কামাল আতাতুর্ক এভিনিউ, রোড নং-৪, বনানী ঢাকা- ১২১৩। | ৮. | **এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>বাড়ী নং-২৫, রোড নং-৫, সেক্টর-৭, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| ৯. | **ইস্ট-ওয়েষ্ট ইউনিভার্সিটি**<br>প্লট নং- এ/২, প্রধান সড়ক, জহুরুল ইসলাম সিটি আফতাবনগর, ঢাকা-১২১২। | ১০. | **দি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক**<br>(১) বাড়ী নং-৪৯/সি, রোড নং-৪/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।<br>(২) বাড়ী নং- ৭৩, রোড নং-৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা। |
| ১১. | **গণ বিশ্ববিদ্যালয়**<br>গণ স্বাস্থ্য কেন্দ্র কমপ্লেক্স<br>পোঃ মির্জানগর, ভায়া সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা-১৩৪৪। | ১২ | **দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বাড়ী-৩/২, ব্লক-এ, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।<br>(২) বাড়ী নং- ১০৩, হোসেন টাওয়ার, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা। |
| ১৩. | **ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) বাড়ী নং-৪ ও ৬, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) ৬৬, গ্রীণ রোড, ঢাকা। | ১৪. | **ব্র্যাক ইউনিভার্সিটি**<br>(১) ৬৬, মহাখালী, ঢাকা - ১২১২।<br>(২) নিজস্ব ক্যাম্পাসঃ খাগান, বিরুলীয়া, সাভার, ঢাকা। |
| ১৫. | **মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) প্লট- সিইএন- ১৬, রোড নং-১০৬, গুলশান-২, ঢাকা-১২১২।<br>(২) প্লট নং-১, ব্লক-বি, সেকশন-১, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা। | ১৬. | **বাংলাদেশ ইউনিভার্সিটি**<br>(১) ১৫/১, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।<br>(২) নিজস্ব ক্যাম্পাস : আদাবর, মোহাম্মদপুর, ঢাকা। |
| ১৭. | **লিডিং ইউনিভার্সিটি**<br>রং মহল/সুরমা টাওয়ার, বন্দর বাজার, সিলেট। | ১৮. | **বিজিসি ট্রাষ্ট ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ, চট্টগ্রাম। |
| ১৯. | **সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>শামীমাবাদ, বাগবাড়ী, সিলেট- ৩১০০। | ২০. | **ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ**<br>৮০, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা। |
| ২১. | **প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম**<br>(১) ওয়াসা মোড়, দামপাড়া, কোতোয়ালী, চট্টগ্রাম।<br>(২) প্রবর্তক মোড়, ১/এ, ও আর নিজাম রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম।<br>(৩) হাজারী লেইন, আন্দরকিল্লা, কোতোয়ালী, চট্টগ্রাম। | ২২. | **সাউথ ইস্ট ইউনিভার্সিটি**<br>(১) এ আর টাওয়ার, ২৪, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) হোল্ডিং নং- ২৫১/এ, ২৫২, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা। |
| ২৩. | **স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>(১) বাড়ী নং-৩৬, রোড নং ৯/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।<br>(২) ৪৪ সাতমসজিদ রোড (পুরাতন ৭৪৪), ঢাকা।<br>(৩) ৫১, সিদ্বেশ্বরী, ঢাকা (শর্তসাপেক্ষে নিজস্ব ক্যাম্পাস)। | ২৪. | **ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) ১০২, শুক্রাবাদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৭।<br>(২) বাড়ী নং- ৪ ও ৬, রোড নং- ৭, সেক্টর- ৩, উত্তরা মডেল টাউন ঢাকা- ১২৩০।<br>(৩) নিজস্ব ক্যাম্পাস : আশুলিয়া মডেল টাউন, দত্তপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা। |
| ২৫. | **স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ৭৭, সাতমসজিদ রোড, ধানমন্ডি , ঢাকা - ১২০৫।<br>(২) ১৩৮, কলাবাগান, ধানমন্ডি, ঢাকা- ১২০৯। | ২৬. | **ইবাইস ইউনিভার্সিটি**<br>বাড়ী নং-২১/এ, রোড নং- ১৬ (পুরাতন-২৭) ধানমন্ডি, ঢাকা-১২০৯।<br>* বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ নিয়ে বোর্ড অব ট্রাস্টিজ ২টি গ্রুপে বিভক্ত এবং পরস্পরের বিরুদ্ধে মামলা চলমান। উপরোক্ত ঠিকানাটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনকালীন ঠিকানা। |
| ২৭. | **সিটি ইউনিভার্সিটি**<br>(১) ৪০, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।<br>(২) নিজস্ব ক্যাম্পাস : খাগান, আশুলিয়া, সাভার, ঢাকা। | ২৮. | **প্রাইম ইউনিভার্সিটি**<br>২এ/১, নর্থ ইস্ট অব দারুস সালাম রোড মিরপুর-১, ঢাকা-১২১৬।<br>* মাননীয় সুপ্রিম কোর্ট এর সর্বশেষ রায় অনুযায়ী উপরোক্ত ঠিকানা স্বীকৃত এবং এ ঠিকানা ব্যতীত অন্যান্য ঠিকানা অবৈধ এবং উচ্ছেদের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। |
| ২৯. | **নর্দান ইউনিভার্সিটি-বাংলাদেশ**<br>(১) শের টাওয়ার, বাড়ী নং-১৩, রোড নং-১৭ বনানী, ঢাকা-১২১৩।<br>(২) বাড়ী নং- ৫৪, রোড নং- ৪/এ, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা। | ৩০. | **সাউদার্ণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ৭৩৯/এ, মেহেদীবাগ রোড, চট্টগ্রাম-৪২০৩।<br>(২) ২২, শহীদ মীর্জা লেন, মেহেদীবাগ, চট্টগ্রাম। |
| ৩১. | **গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) ২২০/ডি, পশ্চিম কাফরুল, বেগম রোকেয়া সরণী, ঢাকা-১২০৭।<br>(২) প্লট নং-সি/১১, ১২, ১৩/১; রোড নং-১/১, ব্লক-ক ও খ, মিরপুর-৬, ঢাকা। | ৩২. | **ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বাড়ী নং -৩/এ, রোড নং-৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫।<br>(২) বাড়ী নং-১৩/এ, রোড-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫।<br>(৩) বাড়ী নং-১৬, রোড-৭, ধানমন্ডি, ঢাকা-১২০৫। |
| ৩৩. | **শান্ত মরিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি**<br>(১) বাড়ী নং-১, রোড-১৪, সেক্টর -১৩, উত্তরা, ঢাকা-১২৩০।<br>(২) ৫/৪, লালমাটিয়া, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা।<br>(৩) নিজস্ব ক্যাম্পাস : কলমা, সাভার, ঢাকা। | ৩৪. | **দি মিলেনিয়াম ইউনিভার্সিটি**<br>মোমেনবাগ, ডাকঘর ঃ শান্তিনগর মতিঝিল, ঢাকা । |
| ৩৫. | **ইষ্টার্ণ ইউনিভার্সিটি**<br>বাড়ী নং-১৫/২, রোড নং-৩ ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা -১২০৫। | ৩৬. | **বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি)**<br>(১) ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর-২, থানা-পল্লবী, ঢাকা-১২১৬।<br>(২) নিজস্ব ক্যাম্পাস ঃ প্রধান সড়ক, রূপনগর আবাসিক এলাকা, সেনপাড়া পর্ব্বতা, মিরপুর- ২, ঢাকা- ১২১৬। |
| ৩৭. | **মেট্রোপলিটন ইউনিভার্সিটি, সিলেট**<br>আল-হামরা (৮ম তলা)<br>জিন্দাবাজার, সিলেট-৩১০০। | ৩৮. | **উত্তরা ইউনিভার্সিটি**<br>(১) বাড়ী নং-৪, রোড নং-১৫, সেক্টর - ৬, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।<br>(২) রবিউল প্লাজা, মিরপুর হাউজিং এস্টেট, প্লট নং সি-১/খ, সেকশন-১, মিরপুর-১, ঢাকা। |
| ৩৯. | **ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) বাড়ী নং -৮০, রোড নং -৮/এ, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৯।<br>(২) প্লট- ৩৬, রোড- ২৭ (পুরাতন), নতুন- ১৬ ধানমন্ডি, ঢাকা-১২০৯। | ৪০. | **ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) বারেক ম্যানশন, ৫৮/১১/এ, পান্থপথ, ঢাকা-১২০৫।<br>(২) ৬৯/১, পান্থপথ, ঢাকা-১২০৫।<br>(৩) ৬৯/কিউ, পান্থপথ, ঢাকা- ১২০৫। |
| ৪১. | **ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া**<br>বাড়ী নং-৭৮ এবং ৭৬, রোড নং- ১৪, ব্লক-বি বনানী, ঢাকা-১২১৩। | ৪২. | **প্রেসিডেন্সী ইউনিভার্সিটি**<br>(১) বাড়ী নং-১১/এ, রোড নং-৯২, গুলশান-২, ঢাকা-১২১২।<br>(২) ১০, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩। |
| ৪৩. | **ইউনিভার্সিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস**<br>(১) জামালপুর টাওয়ার, বারিধারা ভিউ, গ-৩৭/১ প্রগতি সরণী, বারিধারা জে-ব্লক, ঢাকা-১২১২।<br>(২) পিএইচপি টাওয়ার, ১০৭/২, কাকরাইল, ঢাকা-১০০০.<br>(৩) নিজস্ব ক্যাম্পাস : নয়ানগর, ভাটারা, বারিধারা, ঢাকা। | ৪৪. | **প্রাইম এশিয়া ইউনিভার্সিটি**<br>(১) স্টার টাওয়ার, ১২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, বা/এ, ঢাকা-১২১৩।<br>(২) এইচবিআর টাওয়ার, ৯ বনানী, বা/এ, ঢাকা- ১২১৩। |
| ৪৫. | **রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা**<br>বাড়ী নং-০২, রোড নং-১০, ব্লক- ই, বনানী, ঢাকা-১২১৩। | ৪৬. | **ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ**<br>(১) বাড়ি নং- ৫৬, রোড নং- ৪/এ, সাত মসজিদ রোড, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।<br>(২) বাড়ী নং- ৮৫, রোড- ৭/এ, ধানমন্ডি, ঢাকা- ১২০৯। |
| ৪৭. | **অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**<br>বাড়ী নং- ৮৩, রোড নং- ৪, ব্লক- এফ, বনানী, ঢাকা- ১২১৩। | ৪৮. | **বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়**<br>গজারিয়া টাওয়ার, ৮৯/১২ আর কে মিশন রোড (মানিকনগর বিশ্বরোড) গোপীবাগ, ঢাকা-১২০৩। |
| ৪৯. | **ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি**<br>রুমানা হক টাওয়ার<br>১২৬৭/এ, গোসাইল ডাঙ্গা, আগ্রাবাদ, চট্টগ্রাম। | ৫০. | **আশা ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>আশা টাওয়ার, ২৩/৩, খিলজী রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। |
| ৫১. | **সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি**<br>১নং রামকৃষ্ণ মিশন রোড, টিকাটুলী, ঢাকা- ১২০৩। | ৫২. | **দারুল ইহসান বিশ্ববিদ্যালয়**<br>বাড়ী নং- ২১(নতুন), রোড নং-৯/এ (নতুন) ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।<br>* বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ নিয়ে বোর্ড অব ট্রাস্টিজ ৪টি গ্রুপে বিভক্ত এবং পরস্পরের বিরুদ্ধে মামলা চলমান। উপরোক্ত ঠিকানাটি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনকালীন ঠিকানা। |
| ৫৩. | **ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>(১) জনতা হাউজিং, প্লট নং- ২১১-২১২, শাহ্ আলীবাগ মিরপুর-২, ঢাকা- ১২১৩।<br>(২) রূপায়ন শেলফোর্ড, ব্লক- বি, মিরপুর রোড, শ্যামলী, ঢাকা। | ৫৪. | **বরেন্দ্র ইউনিভার্সিটি**<br>(১) বাড়ী- ৫২৯/১, কাজলা, মতিহার, রাজশাহী-৬২০৪।<br>(২) হোল্ডিং নং- ৫৩২, জাহাঙ্গীর স্মরণী, কাজলা, তালাইমারী, রাজশাহী। |
| ৫৫. | **হামদর্দ ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>নিউ টাউন, মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়নগঞ্জ। | ৫৬. | **বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি**<br>এস আর টাওয়ার, ১০৫ উত্তরা মডেল টাউন, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা-১২৩০। |
| ৫৭. | **নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ**<br>তেলিহাওর, শেখঘাট, সিলেট। | ৫৮. | **ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ**<br>শাহ্নাজ ম্যানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা। |
| ৫৯. | **ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>৪৬১, নিলগঞ্জ, শোলাকিয়া, কিশোরগঞ্জ। | ৬০. | **জেড.এইচ. সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**<br>গ্রাম- মধুপুর, ডাকঘর- কার্তিকপুর, উপজেলা- ভেদরগঞ্জ, জেলা- শরিয়তপুর। |
| ৬১. | **এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ**<br>সাগর টাওয়ার, হোল্ডিং নং- ৬৯-৬৯/১, বড় ইন্দারা মোড়, ডাক+উপজেলা+জেলা- চাঁপাইনবাবগঞ্জ। | ৬২. | **নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি**<br>(১) ২৩৬, এম.এ বারী রোড, সোনাডাঙ্গা, খুলনা।<br>(২) আল-মুনাম ট্রেড সেন্টার, ৫৮, কেডিএ এভিনিউ, খুলনা। |
| ৬৩. | **খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়**<br>গ্রাম ও পোঃ এনায়েতপুর, থানা- এনায়েতপুর উপজেলা- চৌহালী, জেলা- সিরাজগঞ্জ। | ৬৪. | **সোনারগাঁও ইউনিভার্সিটি**<br>(১) ২৯/১, কারওয়ান বাজার, তেজগাঁও, ঢাকা।<br>(২) ১৪৬, ওয়ারলেস গেট, মহাখালী, বনানী, ঢাকা। |
| ৬৫. | **ফেনী ইউনিভার্সিটি**<br>বরাহিপুর, প্লট নং ১৮৪৫, ট্রাঙ্ক রোড, ফেনী-৩৯০০। | ৬৬. | **ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়**<br>পাদুয়ার বাজার, বিশ্বরোড, কুমিল্লা। |
| ৬৭. | **পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>৭-১৪ নিকুঞ্জ হাউজিং সোসাইটি, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম। | ৬৮. | **বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস)**<br>১২৫/১, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬। |
| ৬৯. | **চিটাগং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি**<br>মিনহাজ্ব কমপ্লেক্স, ১২, জামাল খাঁন রোড, চট্টগ্রাম-৪০০০। | ৭০. | **নটরডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ**<br>২, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০। |
| ৭১. | **টাইমস্ ইউনিভার্সিটি, বাংলাদেশ**<br>৫৭, অম্বিকা সড়ক, ঝিলটুলি, ফরিদপুর শহর, ফরিদপুর। | ৭২. | **নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>(১) ৪২, ক্ষণিকা, বিনোদপুর বাজার, মতিহার, রাজশাহী-৬২০৬।<br>(২) দৈনিক বার্তা কমপ্লেক্স (৪র্থ তলা), আলুপট্টি, ঘোড়ামারা, রাজশাহী। |
| ৭৩. | **ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>বাড়ী নং- ৫০, রোড নং- ১১, ব্লক- সি, বনানী, ঢাকা- ১২১৩। | ৭৪. | **রাজশাহী সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি (আরএসটিইউ)**<br>ভিআইপি টাওয়ার, হোল্ডিং নং- ১১২, ঢাকা রোড বড় হরিশপুর, নাটোর-৬৪০০। |
| ৭৫. | **শেখ ফজিলাতুন্নেছা মুজিব ইউনিভার্সিটি**<br>মেলান্দহ, জামালপুর। | ৭৬. | **কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি**<br>ডায়নামিক কক্স কিংডম, কলাতলি মোড়, কক্সবাজার- ৪৭০০। |
| ৭৭. | **রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়**<br>৮৬, সিরাজউদ্দৌলা রোড, নারায়ণগঞ্জ। | ৭৮. | **জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>তেলিপাড়া, টিএন্ডটি রোড, পোস্টঃ চন্দনা চৌরাস্তা, ৩৮, গাজীপুর সদর, গাজীপুর। |
| ৭৯. | **গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ**<br>সুগন্ধা, রায়পাশা, ঝালকাঠি।<br>* অনুমোদনপ্রাপ্তির পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে সরকার বা মঞ্জুরী কমিশনের সাথে কোন যোগাযোগ করেনি। | | |

** উপরোক্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত অন্য কোনো ঠিকানায় অবস্থিত ক্যাম্পাস/প্রতিষ্ঠানে ভর্তি বা যোগাযোগ না করার জন্য সতর্ক করা হলো।

**পরিচালক**
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।

জিডি-৩০৫০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা-১
www.probashi.gov.bd

নং- ৪৯.০০১.০১১.০০.০০.০০৭.২০১৪-৯২৮ তারিখঃ ০৬-০৮-২০১৪খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | শূন্য পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৩ (তিন)টি | ৫৫০০-১২০৯৫/- (১৩ নং গ্রেড) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি;<br>খ) কম্পিউটারে Word Processingসহ ইন্টারনেট ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ প্রতিমিনিটে গতি থাকতে হবে;<br>ঘ) বাংলা ও ইংরেজি টাইপে গতি প্রতিমিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, মাদারীপুর, শেরপুর, মুন্সীগঞ্জ, টাংগাইল, চাঁদপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, বগুড়া, নাটোর, নড়াইল, বাগেরহাট, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পটুয়াখালী, সুনামগঞ্জ ও হবিগঞ্জ | শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সহকারী লাইব্রেরিয়ান | ০১ (এক)টি | ৫২০০-১১২৩৫/- (১৪ নং গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ স্নাতক ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | - |
| ৩. | ক্যাশিয়ার | ০১ (এক)টি | ৫২০০-১১২৩৫/- (১৪ নং গ্রেড) | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রি | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | - |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১১ (এগার)টি | ৪৭০০-৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>গ) বাংলা ও ইংরেজি টাইপে গতি প্রতিমিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | ঢাকা, নরসিংদী, ফরিদপুর, মানিকগঞ্জ, ময়মনসিংহ, গোপালগঞ্জ, কুমিল্লা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম, বরিশাল ও পটুয়াখালী | - |
| ৫. | অফিস সহায়ক | ১১ (এগার)টি | ৪১০০-৭৭৪০/- (২০ নং গ্রেড) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, শরিয়তপুর, চাঁদপুর, কুমিল্লা, পাবনা, রাজশাহী, নড়াইল, খুলনা, কুড়িগ্রাম, বরগুনা ও সিলেট | - |
| ৬. | পরিচ্ছন্নতা কর্মী | ০৪ (চার)টি | ৪১০০-৭৭৪০/- (২০ নং গ্রেড) | ৮ম শ্রেণী পাস। | ফরিদপুর জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | - |
| ৭. | নিরাপত্তা প্রহরী | ০২ (দুই)টি | ৪১০০-৭৭৪০/- (২০ নং গ্রেড) | ৮ম শ্রেণী পাস। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | - |
| ৮. | মালী/গার্ডেনার | ০১ (এক)টি | ৪১০০-৭৭৪০/- (২০ নং গ্রেড) | ৮ম শ্রেণী পাস। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | - |

**শর্তাবলীঃ**

০১। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২। আবেদনপত্র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সম্বোধন করে লিখতে হবে। উক্ত আবেদন উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১/৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় ডাকযোগে আগামী ৩১/০৮/২০১৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
০৩। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী হলে তা উল্লেখ করতে হবে।
০৪। ৩১/০৮/২০১৪ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনপত্রের উপর তা লিখতে হবে।
০৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারি নীতিমালা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
০৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যার ক্ষেত্রে তাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক সনদপত্র বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
০৭। মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, উপজেলা/জেলার নাম, জন্ম তারিখ, মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ, সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বরের কপি আবেদনপত্রের সাথে দাখিলপূর্বক আবেদনে উল্লেখ করতে হবে।
০৮। এতিম/প্রতিবন্ধী/আনসার-ভিডিপি/উপজাতি প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।
০৯। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সহকারী লাইব্রেরিয়ান, ক্যাশিয়ার এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে প্রার্থীদের ১০০/- (একশত) টাকা এবং অফিস সহায়ক, পরিচ্ছন্নতা কর্মী, নিরাপত্তা প্রহরী ও মালি/গার্ডেনার পদে প্রার্থীদের ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের (অফেরতযোগ্য) (১) ক্রস পোস্টাল অর্ডার (উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন বরাবর), (২) সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি, (৪) ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র, (৫) প্রার্থী যে জেলার/সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা সে সম্পর্কে স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদ, (৬) উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রত্যয়নপত্র, (৭) নিজ ঠিকানা লিখিত ও ৩ (তিন) টাকা মূল্যের ষ্ট্যাম্পযুক্ত ২৮x১১ সেঃ মিঃ সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১০। আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করা হলে অথবা বর্ণিত চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পরে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হবে না।
১১। বিভাগীয় প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১২। উল্লিখিত পদসমূহের সংখ্যা-হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**নুর মোহাম্মদ মজুমদার**
উপসচিব

জিডি-৩০৪৩